বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ই-মেইল: berc2003@gmail.com, ফ্যাক্স: ৫৫০১৩৫১৮
ওয়েব সাইট: www.berc.org.bd।

নম্বর: ২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.১৮০৬ তারিখ: ১৬ জুলাই ২০২০।

# প্রেস রিলিজ

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) এবং ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে কমিশন বিগত ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বিদ্যুতের খুচরা মূল্যহার পুনর্নির্ধারণ করে আদেশ জারি করে। একই সাথে উক্ত আদেশ মোতাবেক কমিশনের স্মারক নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.৬৫৩, তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২০ এর মাধ্যমে খুচরা বিদ্যুৎ মূল্যহার এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। উক্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ১(ক) এ 'সকল গ্রাহকশ্রেণির ক্ষেত্রে বিদ্যমান ৫% (পাঁচ শতাংশ) হারে এককালিন বিলম্ব-পরিশোধ মাশুল প্রযোজ্য হবে' মর্মে উল্লেখ করা হয়।

২। নোভেল করোনা ভাইরাস (COVID-19) এর সংক্রমণ এড়াতে কমিশন ২৪ মার্চ ২০২০ তারিখে শুধুমাত্র আবাসিক গ্রাহকশ্রেণি (এলটি-এ এবং এমটি-১) এর ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ এর বিদ্যুৎ বিল পরিশোধে বিলম্ব-পরিশোধ মাশুল (Late Payment Surcharge) মওকুফ করত: প্রজ্ঞাপন জারী করে। করোনাকালিন সাধারণ ছুটির সময়ে ব্যাংকিং কার্যক্রম সীমিত থাকায় কমিশনের জারীকৃত বিলম্ব-পরিশোধ মাশুল মওকুফ সংক্রান্ত উক্ত প্রজ্ঞাপন অনুযায়ী ফেব্রুয়ারি, মার্চ ও এপ্রিল ২০২০ মাসের বিদ্যুৎ বিল অনেক গ্রাহক বিলম্ব-পরিশোধ মাশুল ব্যতিরেকে পরিশোধ করলেও অনেক গ্রাহকের বিল বকেয়া রয়ে যায় মর্মে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগ এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহ হতে পত্রের মাধ্যমে জানানো হয়েছে। এ অবস্থার পরিপ্রেক্ষিতে শুধুমাত্র আবাসিক গ্রাহকগণের বিল মাস ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ মাসের বিদ্যুৎ বিলের সাথে মে ও জুন ২০২০ মাসের বিদ্যুৎ বিল অন্তর্ভুক্ত করে তা ৩১ জুলাই ২০২০ এর মধ্যে পরিশোধের ক্ষেত্রে বিলম্ব-পরিশোধ মাশুল ব্যতিরেকে বিল পরিশোধের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিদ্যুৎ বিভাগ এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহ কর্তৃক কমিশন বরাবর যথাক্রমে অনুরোধ এবং আবেদন জানানো হয়েছে।

৩। বর্ণিতাবস্থায়, শুধুমাত্র আবাসিক গ্রাহকশ্রেণি (এলটি-এ এবং এমটি-১) এর ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি ২০২০ হতে জুন ২০২০ এর বিদ্যুৎ বিল ৩১ জুলাই ২০২০ এর মধ্যে পরিশোধে বিলম্ব-পরিশোধ মাশুল (Late Payment Surcharge) প্রযোজ্য হবে না মর্মে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আদেশ প্রদান করেছে (প্রজ্ঞাপন সংযুক্ত)।

16.07.2020

মো: রফিকুল ইসলাম
সচিব
ফোন: ৯১৪ ০১২৫